দৈনিক
ইত্তেফাক

তারিখ 18 JUL 2017
পৃষ্ঠা ১৫ কলাম ২



ফেনী : দুধমুখা উচ্চ বিদ্যালয়ের জরাজীর্ণ ভবন —ইত্তেফাক

# নানা সমস্যায় জর্জরিত দুধমুখা উচ্চ বিদ্যালয়

■ ফেনী প্রতিনিধি

নানা সমস্যায় জর্জরিত জেলার দুধমুখা উচ্চ বিদ্যালয়। ভবন ও আসবাবপত্র সংকটে শিক্ষার্থীদের পাঠদানে চরম ভোগান্তির শিকার হতে হচ্ছে। ১৯৪৭ সালে তৎকালীন স্থানীয় চেয়ারম্যান মরহুম মজিবুল হক (মজু) মিয়ার উদ্যোগে ১২৫ শতাংশ জমির ওপর বিদ্যালয়টি প্রতিষ্ঠিত হয়। ৭০ বছরের এ প্রাচীন শিক্ষা প্রতিষ্ঠানে ১২শ' ছাত্রছাত্রী পড়াশোনা করছে। এমপিওভুক্ত ও খণ্ডকালীন ২০ জন শিক্ষক-শিক্ষিকা, চারজন চতুর্থ শ্রেণির কর্মচারী এ শিক্ষা প্রতিষ্ঠানে রয়েছে। ৭০ বছরের পুরনো ভবনটি পরিত্যক্ত অবস্থায় পড়ে আছে। শ্রেণিকক্ষ ও বেঞ্চের অভাবে গাদাগাদি করে পাঠদান চলছে। এ বিদ্যালয়ে বিগত কয়েক বছরে এ প্লাস পেয়ে শতভাগ পাস করে কৃতিত্ব অর্জন করেছে। উপজেলার মেধা তালিকায় এ বিদ্যালয় তৃতীয় স্থানে থাকলেও সরকারি সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে। পরিত্যক্ত ভবনটি ভেঙে নতুন একটি ভবন নির্মাণের জন্য সরকারের কাছে জোর দাবি জানিয়েছেন শিক্ষার্থী, অভিভাবক, ম্যানেজিং কমিটি ও এলাকাবাসী। বিদ্যালয়ের প্রধান শিক্ষক শেখ তাজউদ্দিন জানান, দীর্ঘদিন ধরেই নতুন ভবন নির্মাণ, হোস্টেলের জন্য অর্থ বরাদ্দ ও আসবাবপত্র সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কাছে জোর দাবি জানিয়ে আসছি।

উপজেলা চেয়ারম্যান দিদারুল কবির রতন জানান, উপজেলা পরিষদের পক্ষ থেকে প্রয়োজনীয় বরাদ্দ দেয়া হবে এবং ভবন নির্মাণের জন্য সরকারের সংশ্লিষ্ট দপ্তরকে অবহিত করবো।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং
তারিখ
সিস্টেম অ্যানালিস্ট
সিনিয়র সিস্টেম এনালিস্ট
প্রশাসনিক কর্মকর্তা